শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.৩১.০০৮.২০.৩৯

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭
০৫ অক্টোবর ২০২০

বিষয়: **রিট পিটিশন নং-২৪৪৩/২০২০ মামলার বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত চাহিত তথ্য টিএমইডিতে প্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের আদেশ, তারিখ: ০২.০৩.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব আবু তাইয়েব মুহাম্মদ আব্দুল্লাহ ভূঁইয়া, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত),হযরত শাহ মিরান (রহ.) আলিম মাদ্রাসা, ডাকঘর: কাঞ্চনপুর, থানা: রামগঞ্জ, জেলা: লক্ষ্মীপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৪৪৩/২০২০ মামলাটি দায়ের করা হয়েছে।

০২.মামলাটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট এবং মামলায় গত ০২.০৩.২০২০ খ্রি: তারিখে আবেদনকারী কর্তৃক ডিজি,ডিএমই বরাবর দাখিলকৃত ০২.০২.২০২০ খ্রি: তারিখের আবেদনটি বিধিসম্মতভাবে {মহামান্য আদালতের আদেশ প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে} নিষ্পত্তি করার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

০৩. মামলার আদেশের কপি এবং তৎসংলগ্ন একটি আবেদনপত্র (যা মূল আর্জির অংশ বিশেষ এ্যানেক্সার জে, পৃষ্ঠা নং-৭৩ মর্মে বিবেচিত হয়) পর্যালোচনা করে দেখা যায় যে,আবেদনকারী জনাব আবু তাইয়েব মুহাম্মদ আব্দুল্লাহ ভূঁইয়া, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত),হযরত শাহ মিরান (রহ.) আলিম মাদ্রাসা, ডাকঘর: কাঞ্চনপুর, থানা: রামগঞ্জ, জেলা: লক্ষ্মীপুর। তিনি ০১.১২.২০১৯ খ্রি: তারিখ থেকে সাময়িক বরখাস্ত অবস্থায় রয়েছেন।

০৪. পিটিশনার বিধি মোতাবেক খোরপোষ ভাতা পেয়ে থাকেন। আবেদনকারী কর্তৃক (সংযুক্ত আবেদন পত্রটিতে) রিট মামলা ৩৬৫৭/২০১৫ এর রায়ের আলোকে (যে রায়ের মাধ্যমে ৬০ দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা নিষেধ করা হয়েছে) আবেদনকারীর আবেদনখানা নিষ্পত্তির অনুরোধ জানানো হয়েছে।

০৫. আলোচ্য রিট মামলায় আদেশ প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে আবেদনকারীর আবেদনটি বিধি সম্মতভাবে নিষ্পত্তির নির্দে

শ দেয়া হয়েছে। রায়ের আদেশটি নিম্নরূপ:

" We have heard the Learned Advocate for the petitioner and perused the application. We are not to issue any Rule in this matter at this stage, rather we direct the respondent No. 1 Secretary,Technical and Madrasa Education Division Ministry of Education, Paribahan Pool Bhaban, Dhaka to dispose of the application dated 02.02.2020 (Annexure-J) filed by the petitioner within 1 (one) month on receipt of this order in accordance with law."

০৪. মামলাটি বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নরূপ তথ্য প্রয়োজন:

ক. আবেদনকারীর উপর আরোপিত সাময়িক বরখাস্তের আদেশ ইতোমধ্যে অপসারিত হয়েছে কীনা ? এ বিষয়ে প্রমানকসহ তথ্য প্রয়োজন।

খ. আবেদনকারীর ০২.০২.২০২০ খ্রি: তারিখের আবেদন বিষয়ে অর্থাৎ রিট পিটিশন ৩৬৫৭/১৫ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নির্দেশনা (যে রায়ের মাধ্যমে ৬০ দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা নিষেধ করা হয়েছে) অনুযায়ী আবেদনকারীকে পূর্ণ এমপিও প্রদানে (যেহেতু ইতোমধ্যে সাময়িক বরখাস্তে মেয়াদ প্রায় ১০ মাস অতিক্রান্ত) আইনগত কোন প্রতিবন্ধকতা রয়েছে কিনা এ বিষয়ে প্রমানকসহ তথ্য প্রয়োজন।

গ. রিট পিটিশন ৩৬৫৭/১৫ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নির্দেশনা (যে রায়ের মাধ্যমে ৬০ দিনের বেশী সাময়িক বরখাস্ত

রাখা নিষেধ করা হয়েছে) অনুযায়ী আবেদনকারীকে পূর্ণ এমপিও প্রদানে আইনগত কোন প্রতিবন্ধকতা না থাকলে পূর্ণ এমপিও প্রদানের জন্য বর্তমানে কী করণীয় এ বিষয়ে প্রমানকসহ তথ্য প্রয়োজন।

ঘ. রিট পিটিশন ৩৬৫৭/১৫ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নির্দেশনা (যে রায়ের মাধ্যমে ৬০ দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা নিষেধ করা হয়েছে) অনুযায়ী আবেদনকারীকে পূর্ণ এমপিও প্রদানে আইনগত কোন প্রতিবন্ধকতা না থাকলে ডিজি,ডিএমই কর্তৃক পূর্ণ এমপিও প্রদানের জন্য কোন আইনগত প্রতিবন্ধকতা আছে কীনা এ বিষয়ে প্রমানকসহ তথ্য প্রয়োজন।

ঙ. উক্ত ব্যক্তির এমপিও টিএমইডি কর্তৃক বন্ধ (সাময়িক বা স্থায়ীভাবে) করা হয়নি বরং গভর্নিং বডির দ্বারা সাময়িক বরখাস্তের কারণে খরপোষ ভাতা প্রাপ্ত হচ্ছেন বিধায় রিট পিটিশন ৩৬৫৭/১৫ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নির্দেশনা (যে রায়ের মাধ্যমে ৬০ দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা নিষেধ করা হয়েছে) অনুযায়ী আবেদনকারীকে ডিজি,ডিএমই কর্তৃক আবেদনকারীকে পূর্ণ এমপিও প্রদানে টিএমইডি এর অনুমোদন প্রয়োজন আছে কিনা এ বিষয়ে প্রমানকসহ তথ্য প্রয়োজন।

০৫. মামলাটি বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জরুরীভিত্তিতে চাহিত তথ্য টিএমইডি-তে প্রেরণ করা প্রয়োজন। উল্লেখ্য যে, আদেশের কপিটি টিএমইডি অফিসে ২৭.০৯.২০২০ খ্রি: তারিখে গৃহীত হয়েছে।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে চাহিত তথ্য আগামি ১৫.১০.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫-১০-২০২০
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.৩১.০০৮.২০.৩৯/১(৭)

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭
০৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪) সিসটেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৫-১০-২০২০
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)